

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৮২

বিশালগড়, ২২ মে, ২০২৪

বিশালগড় মহকুমায় কীটনাশকযুক্ত মশারি বিতরণ

বিশালগড় মহকুমা হাসপাতালের উদ্যোগে আজ চাম্পামুড়া হেলথ এন্ড ওয়েলনেস সেন্টারে এক অনুষ্ঠানে ম্যালেরিয়া সহ অন্যান্য পতঙ্গবাহিত রোগ প্রতিরোধে কীটনাশকযুক্ত মশারি বিতরণ করা হয়। এই কর্মসূচিতে চাম্পামুড়া পঞ্চায়েতের ১নং ও ৬নং ওয়ার্ডের ২৫৩ জনকে মোট ৪৯১টি কীটনাশকযুক্ত মশারি দেওয়া হয়েছে। অনুষ্ঠানে স্বাস্থ্যকর্মীগণ কীটনাশকযুক্ত মশারি ব্যবহারের প্রণালী, ম্যালেরিয়া, ডেঙ্গু প্রভৃতি জ্বরের সতর্কতা বিষয়ে আলোচনা করেন। বিশালগড় মহকুমা স্বাস্থ্য আধিকারিকের কার্যালয় থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*